

## 💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১২৮৭

১১/ জানাযা

পরিচ্ছেদঃ মৃতের নিকট কী বলা যাবে এবং মৃতের পরিজনরা কী বলবে?□

## আরবী

عَن أُمِّ سَلَمَةَ رَضِيَ اللهُ عَنْهُا قَالَتْ: قَالَ رَسُولُ اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى اللهَ عَلَى المَريضَ أَو المَريضَ أَبُو سَلَمَة، المَيِّتَ فَقُولُوا خَيْراً فَإِنَّ المَلائِكَةَ يُوَمِّنُونَ عَلَى مَا تَقُولُونَ قَالَتْ: فَلَمَّا مَاتَ أَبُو سَلَمَة، أَتَيْتُ النَّبِيَّ عَلَى اللهُمَّ اغْفِرْ لِي اللهُمَّ اغْفِرْ لِي وَلَهُ، وَأَعْقِبْنِي مِنْهُ عُقْبَى حَسَنَةً فَقُلتُ فَأَعْقَبَنِيَ اللهُ مَنْ هُوَ خَيْرٌ لِي مِنْهُ : مُحَمَّداً عَلَيْ وَاه مسلم

## বাংলা

(১২৮৭) উন্মে সালামাহ (রাযিয়াল্লাছ আনহা) বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তোমরা পীড়িত অথবা মৃতের নিকট উপস্থিত হলে ভাল কথা বল। কেননা, ফিরিশতারা তোমাদের কথায় 'আমীন' বলেন। (উন্মে সালামাহ রাযিয়াল্লাছ আনহা) বলেন, অতঃপর যখন (আমার স্বামী) আবূ সালামাহ মারা গেলেন, তখন আমি নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এসে বললাম, হে আল্লাহর রসূল! আবূ সালামাহ মারা গেছেন। (সুতরাং আমি এখন কী বলব?) তিনি বললেন, তুমি এই দু'আ বল, 'আল্লাহুম্মাগফির লী অলাহু, অআ'ক্রিবনী মিনহু উক্রবা হাসানাহ।' অর্থাৎ, হে আল্লাহ! তুমি আমাকে ও তাঁকে মার্জনা কর এবং আমাকে তাঁর চেয়ে উত্তম বিনিময় প্রদান কর। সুতরাং আমি তা বললাম, ফলে মহান আল্লাহ আমাকে তাঁর চেয়ে উত্তম বিনিময় মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে (স্বামীরূপে) প্রদান করলেন।

(মুসলিম 'পীড়িত অথবা মৃত' সন্দেহের সাথে বর্ণনা করেছেন। আর আবূ দাউদ প্রমুখ বিনা সন্দেহে 'মৃতের নিকট উপস্থিত' হওয়ার কথা বর্ণনা করেছেন।)

## ফুটনোট

(মুসলিম ২১৬৮, আবূ দাউদ ৩১১৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ উম্মু সালামাহ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন